গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ঢাকা
ই-মেইল ঃ deodhaka@gmail.com

স্মারক নং: জেশিঅ/ঢা/২০৭৫ তারিখ: ২৯/০৮/২০২১ খ্রি:

বিষয়ঃ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত প্রতিযোগিতার তারিখ ও সময় সূচি।

সূত্র: স্মারক নং-বিএসএ-ঢাজে-১৪৮/২০২১/৮৭(৮), তারিখ-২৩/০৮/২০২১;

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাউশি, বাংলাদেশ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, ঢাকা।
০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/সার্বিক, ঢাকা।
০৮। থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ..........................................., ঢাকা- সংযুক্ত পত্রের মর্মানুযায়ী তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে অবহিত করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ..............................................................................., ঢাকা।
১০। সংরক্ষন নথি।

২৮-০৮-২০২১
(মো: বেনজীর আহম্মদ)
জেলা শিক্ষা অফিসার
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
ঢাকা জেলা কার্যালয়।
dhakadistrict.bsa@gmail.com

" শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

স্মারক নম্বরঃ বিএসএ-ঢাজে-১৪৮/২০২১/৮৭(২৮) তারিখ : ০৮ ভাদ্র ১৪২৮ / ২৩ আগষ্ট ২০২১

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত প্রতিযোগিতার তারিখ ও সময় সূচি।

বাংলাদেশ শিশু একাডেমির উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৮ অক্টোবর ২০২১ সোমবার বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

কর্মসূচি :

১। রচনা প্রতিযোগিতা

'ক' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের বন্ধু।
'খ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের ভালোবাসা।

২। চিত্রাংকন প্রতিযোগিতা

'ক' বিভাগ : ১ম থেকে ৩য় শ্রেণি, বিষয়: উন্মুক্ত।
'খ' বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, বিষয়: খেলাধূলায় শেখ রাসেল।
'গ' বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি, বিষয়: রাসেল স্বপ্নের ভূবন।
'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, বিষয়: উন্মুক্ত।

সময়সূচিঃ

ক.থানা/উপজেলা পর্যায় -১০ সেপ্টেম্বর থেকে ১১ সেপ্টেম্বর ২০২১
**খ. ঢাকা জেলা পর্যায় - ১৪ সেপ্টেম্বর ২০২১**
গ. বিভাগীয় পর্যায় - ১৮ সেপ্টেম্বর ২০২১

*** প্রতিযোগিতা পরিচালনার জন্য অর্থ বরাদ্দ পরবর্তীতে জানানো হবে।**
*** প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।**
*** উপজেলা/থানা পর্যায়ের প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে ১ম স্থান অধিকারির রচনা ও চিত্রাংকন আগামি ১১ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ঢাকার নিকট পৌছাতে হবে।**
**(ঠিকানাঃ বাড়ী নং-৫, রোড নং-৪, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা-১২১৬।)**

সংযুক্ত নিয়মাবলি অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী ২০২১ উদ্‌যাপনের জন্য উল্লিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

26/08/2021

রাশিদা বেগম
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি
ঢাকা জেলা।
ফোন : ৯০০৯৭৩৪

প্রাপক :

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা : কেরাণীগঞ্জ/ সাভার / ধামরাই /নবাবগঞ্জ/ দোহার, জেলা : ঢাকা।

২. উপজেলা শিক্ষা অফিসার / থানা শিক্ষা অফিসার
উপজেলা/ থানা..............................., জেলা : ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, ঢাকা কে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা।

# প্রতিযোগিতা পরিচালনা নিয়মাবলি

শেখ রাসেল এর জন্মদিন ১৮ অক্টোবর উদযাপন উপলক্ষ্যে শিশুদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এবছরই এ প্রতিযোগিতা প্রথমবারের মত অনুষ্ঠিত হচ্ছে। শেখ রাসেল এর চেতনায় শিশুদের উদ্বুদ্ধ করার লক্ষ্যেই এ প্রতিযোগিতার আয়োজন। শ্রেণি অনুযায়ী শিশুরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তৃণমূল পর্যায়ের শিশুদের অংশগ্রহণের লক্ষ্যে এ প্রতিযোগিতা উপজেলা থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে জাতীয় পর্যায়ে সমাপ্ত হবে।

নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক প্রতিযোগিতা পরিচালিত হবে:

প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি :
উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। উপজেলা/থানা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা জেলা পর্যায়ে, জেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা চূড়ান্ত (জাতীয়) পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

প্রতিযোগিতার বিভাগ ও বিষয়সমূহ:
রচনা প্রতিযোগিতা

- 'ক' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের বন্ধু।
- 'খ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : শেখ রাসেল আমাদের ভালোবাসা।

ক' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৫০০ শব্দের মধ্যে, 'খ' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৮০০ শব্দের মধ্যে হতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা :

- 'ক' বিভাগ : ১ম থেকে ৩য় শ্রেণি, বিষয় : উন্মুক্ত।
- 'খ' বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, বিষয় : খেলাধূলায় শেখ রাসেল।
- 'গ' বিভাগ : ৭ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : রাসেল স্বপ্নের ভূবন।
- 'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, বিষয় : উন্মুক্ত।

চিত্রাংকনের সকল বিভাগের কার্টিজ পেপার এর দৈঘ্য ১৬" (ষোল ইঞ্চি/৪০ সে:মি:) এবং প্রস্থ ১১" (এগার ইঞ্চি/২৮ সে:মি:) হবে।

চিত্রাংকনের মাধ্যম :- জল রং/প্যাস্টেল কালার

সময়সূচি :

| | |
|---|---|
| ক. থানা/উপজেলা পর্যায় | - ১০ সেপ্টেম্বর থেকে ১১ সেপ্টেম্বর ২০২১ |
| খ. জেলা পর্যায় | - ১৩ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বর ২০২১ |
| গ. বিভাগীয় পর্যায় | - ১৬ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর ২০২১ |

বিচারক প্যানেল :

প্রতিটি বিভাগে কমপক্ষে তিন সদস্যের বিচারক প্যানেল গঠন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের নিয়ে বিচারক প্যানেল গঠন করা যেতে পারে।

উপজেলা পর্যায়ের প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে ১ম স্থান অধিকারির রচনা/চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ ১১ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌঁছাতে হবে।

২২.০৮.২০২১

একইভাবে ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা পর্যায়ের প্রতিযোগিতা শেষ করে প্রতিটি বিষয় ও প্রতিটি বিভাগের ১ম স্থান অধিকারির রচনা/চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং অতিরিক্ত জেলা প্রশাসক অথবা তাঁর মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ বিভাগীয় জেলার জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌছানো নিশ্চিত করতে হবে।

বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা শেষে ২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে রচনা/চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারীর স্বাক্ষর এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার অথবা তার মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে।

নির্দিষ্ট সময়সীমার পরে প্রাপ্ত কোন রচনা/চিত্রাংকন প্রতিযোগিতার কার্টিজ পেপার বিবেচনা করা হবে না।

বি: দ্র: উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা আয়োজন বিষয়ক কমিটি এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমির জেলা শাখা পরিচালনা কমিটি প্রতিযোগিতার আয়োজন করবে।

২২.০৮.২০২১